দৈনিক সংবাদ

শিক্ষা তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 08 FEB 1989
পৃষ্ঠা 5 কলাম ৪

33

১৩৮

## প্রাথমিক বিদ্যালয়ের "রেজিষ্ট্রেশন" বন্ধ প্রসঙ্গে

নিরক্ষরতা বাংলাদেশের একটি বড় সমস্যা। আর এদিকে লক্ষ্য রেখেই সরকার ১৯৮৫ সালের জুলাই মাসে তৃতীয় পাঁচসালা (১৯৮৫-৯০) উন্নয়ন পরিকল্পনার আওতায় নতুনভাবে "দ্বিতীয় প্রাথমিক শিক্ষা প্রকল্প" এর কাজ শুরু করেছেন। এর উদ্দেশ্য ৬ থেকে ১০ বছরের শিশুদের শতকরা ৭০ ভাগ শিশুকে ১৯৯০ সালের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে আনা ও ৫ম শ্রেণী পর্যন্ত ফলপ্রসূভাবে ধরে রাখা।

এ ব্যবস্থা বাস্তবায়নের জন্য যেখানে পর্যাপ্ত বিদ্যালয় স্থাপন এবং শিক্ষকের সংখ্যা বাড়ানো দরকার, সেখানে সরকার বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের রেজিষ্ট্রেশন বন্ধ রেখেছেন এবং বহু শূন্য পদে এখনো শিক্ষক নিয়োগের আদেশ দিচ্ছেন না। এ অবস্থা চলতে থাকলে অভিজ্ঞ মহলের ধারণা, দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনার আওতায় প্রাথমিক শিক্ষার উদ্দেশ্য অর্থাৎ ১৯৯০ সালের ভিতর ৭০ শতাংশ শিশুকে বিদ্যালয়ে এনে ধরে রাখা সম্ভব হবে না।

অতএব সংশ্লিষ্ট সকল কর্মকর্তার প্রতি আবেদন, জাতির উন্নয়নের লক্ষ্যে প্রাথমিক শিক্ষক নিয়োগের আদেশ দানসহ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের রেজিষ্ট্রেশন দেয়ার অনুমতি দেয়া হোক।

সুধীর চন্দ্র দেবনাথ,
ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক,
ধারীশ্বর সরকারী প্রাথমিক বিদ্যালয়, ডাকঘর-জারইতলা,
উপজেলা-নিকলী, কিশোরগঞ্জ